

রায়পুরে শিক্ষার্থীদের রোদে দাঁড় করিয়ে মেলা উদ্বোধন

রায়পুর (লক্ষীপুর) প্রতিনিধি

লক্ষীপুরের রায়পুর উপজেলা প্রশাসনের উদ্যোগে মঙ্গল ও বুধবার দু'দিনব্যাপী ডিজিটাল উচ্চাবনী মেলা উদ্বোধন অনুষ্ঠানে বিভিন্ন স্তরের শ্রমিক শিক্ষার্থীকে দেড় ঘণ্টা রোদে দাঁড় করিয়ে মেলা উদ্বোধন করেন লক্ষীপুর জেলা প্রশাসক (ডিসি) একে-এম টিপু সুলতান। মেলা উদ্বোধনে ডিবি'র আগমনে ফুল দিয়ে শুভেচ্ছা জানাতে মঙ্গলবার সকাল ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত শিক্ষার্থীদের উপজেলা পরিষদ মাঠে রোদে দাঁড় করিয়ে এ মেলা উদ্বোধন করা হয়। সকাল ১০টা থেকেই শিক্ষার্থীরা মেলার গেটের সামনে দু'সারিতে রোদে দাঁড়িয়ে থাকায় ক্লান্ত হয়ে পড়ে। এ সময় স্কুলের কয়েকজন শিক্ষক-শিক্ষার্থীর ক্লান্তির কথা বলে, মেলা উদ্বোধনের জন্য ডিসিকে অনুরোধও করেন বলেও জানা যায়। সকাল ১০টা ৫০ মিনিটে ডিসি লক্ষীপুর হতে রায়পুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে আসলেও মেলা উদ্বোধন করেন সাড়ে ১১টায়।